

া যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ সদকা সংশ্লিষ্ট মাসআলা ও বিধি-বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

২. সর্বোত্তম সদকা:

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«اليَدُ العُليَا خيرٌ مِن اليَدِ السُّفلَى، وابدأ بمَنْ تَعُول، وخيرُ الصدقة ما كانَ عَن ظَهر غِنَى، وَمَن يستعفِف يُعِفُّهُ الله، وَمَن يَستَغنَ يُغنه الله».

"উপরের হাত নীচের হাত থেকে উত্তম, যার ভরণ-পোষণ তোমার ওপর রয়েছে তার থেকে তোমরা সদকা শুরু কর। স্বাবলম্বিতা থেকে যে সদকা করা হয় তাই উত্তম। আর যে পবিত্র থাকতে চায়, আল্লাহ তাকে পবিত্র রাখেন, আর যে অমুখাপেক্ষী হতে চায়, আল্লাহ তাকে অমুখাপেক্ষী করেন"।[1]

এ হাদীস বলে, নিজের ও পরিবারের হক এবং ঋণ পরিশোধ ও অন্যান্য জরুরি খরচ শেষে যে সদকা করা হয় তাই উত্তম, অর্থাৎ সদকা করার পর স্বাবলম্বী থাকবে, নিঃস্ব হবে না, নিজের ও পরিবারের প্রয়োজন মোতাবেক জরুরি সম্পদ কাছে রাখবে, কারও মুখাপেক্ষী হবে না। সহীহ হাদীসে এসেছে:

﴿إِنكَ إِنْ تَذَرْ وَرَثَتَكَ أَغنياء، خيرٌ لك مِن أَنْ تَذَرَهُم عالَة يتكففون الناس أي فقراء يسألون الناس». "তুমি যদি তোমার ওয়ারিশদের ধনী রেখে যাও, তাই তোমার জন্য উত্তম, তাদের গরীব রাখা অপেক্ষা যে, মানুষের ধারেধারে ঘুরবে"।[2]

ফুটনোট

- [1] সহীহ বৃখারী, হাদীস নং ১৪২৭।
- [2] সহীহ বুখারী ও সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10153

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন